

সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ২৭২৭ ৫৪/ শর্তাবলী (کتاب الشروط) পরিচেছেদঃ ৫৪/১১. তালাকের শর্তাবলী।

بَابُ الشُّرُوطِ فِي الطَّلَاقِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَرْعَرَةَ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ عَدِيِّ بْنِ ثَابِتٍ عَنْ أَبِيْ حَازِمٍ عَنْ أَبِيْ هُرَيْرَةَ وَاللَّهُ وَلَا نَهَى رَسُوْلُ اللهِ صلى الله عليه وسلم عَنْ التَّلَقِيْ وَأَنْ يَبْتَاعَ الْمُهَاجِرُ لِلأَعْرَابِيِّ وَأَنْ تَشْتَرِطَ الْمَرْأَةُ طَلَاقَ أُخْتِهَا وَأَنْ يَسْتَامَ الرَّجُلُ عَلَى سَوْمٍ أَخِيْهِ وَنَهَى عَنْ النَّجْشِ وَعَنْ التَّصْرِيَةِ تَابَعَهُ مُعَاذٌ وَعَبْدُ الصَّمَدِ عَنْ شُعْبَةَ وَقَالَ غُنْدَرٌ وَعَبْدُ الرَّحْمَنِ نُهِي وَقَالَ آدَمُ لُهُيْنَا وَقَالَ النَّصْرُ وَحَجَّاجُ بْنُ مِنْهَالٍ نَهَى

বাংলা

وَقَالَ ابْنُ الْمُسَيَّبِ وَالْحَسَنُ وَعَطَاءٌ إِنْ بَدَا بِالطَّلَاقِ أَقْ أَخَّرَ فَهُوَ أَحَقُّ بشرُطِهِ

ইবনু মুসাইয়ব, হাসান ও 'আত্বা (রহ.) বলেন, তালাক প্রথমে বলুক বা শেষে বলুক, তা শর্তানুযায়ী প্রযুক্ত হবে।

২৭২৭. আবৃ হুরাইরাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রাসূল (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) কাউকে শহরের বাইরে গিয়ে বাণিজ্য বহরের কাফেলা থেকে মাল কিনতে নিষেধ করেছেন। আর বেদুঈনের পক্ষ হয়ে মুহাজিরদেরকে কোন কিছু বিক্রি করতে নিষেধ করেছেন। আর কোন স্ত্রীলোক যেন তার বোনের (অপর স্ত্রীলোকের) তালাকের শর্তারোপ না করে আর কোন ব্যক্তি যেন তার ভাইয়ের দামের উপর দাম না করে এবং নিষেধ করেছেন দালালী করতে, (মূল্য বাড়ানোর উদ্দেশে) এবং স্তন্যে দুধ জমা করতে (ধোঁকা দেয়ার উদ্দেশে)। মুআয ও 'আবদুস সমদ (রহ.) শুবাহ (রহ.) থেকে হাদীস বর্ণনায় মুহাম্মদ ইবনু আরআরা (রহ.)-এর অনুসরণ করেছেন। গুনদার ও 'আবদুর রহমান (রহ.) কুর্টু বলেছেন এবং আদম (রহ.) বলেছেন, শর্টুট্র আর নাযর ও হাজ্জাজ ইবনু মিনহাল বলেছেন, এট্রেট্র (২১৪০) (আধুনিক প্রকাশনীঃ ২৫২৭, ইসলামিক ফাউন্ডেশনঃ ২৫৪০)



English

Narrated Abu Huraira:

Allah's Messenger () forbade (1) the meeting of the caravan (of goods) on the way, (2) and that a residing person buys for a bedouin, (3) and that a woman stipulates the divorce of the wife of the would-be husband, (4) and that a man tries to cause the cancellation of a bargain concluded by another. He also forbade An-Najsh (see Hadith 824) and that one withholds the milk in the udder of the animal so that he may deceive people on selling it.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন